

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.১২.০০৪.২০-৪২

তারিখ: ১৭.০২.২০২০ খ্রি:।

বিষয়: মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৮৭৫০/২০১৬ মামলায় ০৫.০২.২০১৮ খ্রি: তারিখের রায়/আদেশ এবং সিপিএলএ নং-২০৫১/২০১৮, ২৬৬৮/২০১৮ এবং ৪৪৯১/২০১৮ মামলার ১০.১২.২০১৮ খ্রি: তারিখের রায় বাস্তবায়নের নিমিত্ত যশোর জেলার সদর উপজেলাধীন উপশহর আলিম মাদ্রাসার উপাধ্যক্ষ জনাব মুহা: জাকারিয়া হোসেন (ইনডেক্স নং-৩৬৩১২৪) কে অধ্যক্ষ পদে এমপিওভুক্তকরণ এবং অধ্যক্ষ পদ থেকে জনাব এ. এন. এম আব্দুর রাজ্জাক (ইনডেক্স নং-৩৬৩১২৩) এর নাম এমপিও শীট থেকে কর্তন প্রসঙ্গে।

সূত্র: (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২৭৫.১৬-৪৪৫

তারিখ: ০১.০৯.২০১৯ খ্রি:।

(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২৭৫.১৬-১৭

তারিখ: ০২.০২.২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, মহামান্য সুপ্রিমকোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৮৭৫০/২০১৬ মামলার ০৫/০২/২০১৮ খ্রি: তারিখের রায় ও আদেশের বিরুদ্ধে বাংলাদেশ সরকার, বর্ণিত প্রতিষ্ঠানের গভর্নিং বডি'র সভাপতি এবং এ. এন. এম আব্দুর রাজ্জাক (এমপিও শীটে অন্তর্ভুক্ত অধ্যক্ষ) কর্তৃক মাননীয় সুপ্রিম কোর্টের আপীল বিভাগে যথাক্রমে সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-২০৫১/২০১৮, ২৬৬৮/২০১৮ এবং ৪৪৯১/২০১৮ মামলা দায়ের করা হয় মর্মে সূত্রে বর্ণিত ০১ নং স্মারকের মাধ্যমে জানা যায়।

০২. যেহেতু সরকার পক্ষ এবং মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক দায়েরকৃত সিভিল আপীল (cp) মামলাগুলো যথাক্রমে ২০৫১/২০১৮, ২৬৬৮/২০১৮ এবং ৪৪৯১/২০১৮ মেরিট নেই মর্মে উল্লেখক্রমে মহামান্য আপীল বিভাগ কর্তৃক খারিজ করা হয়েছে সেহেতু উক্ত শিক্ষক তথা জনাব মুহা: জাকারিয়া হোসেন (ইনডেক্স নং-৩৬৩১২৪) কে মহামান্য আদালতের নির্দেশমতে অধ্যক্ষ পদে এমপিওভুক্ত করা আবশ্যিক।

০৩. ইতোমধ্যে মহামান্য আদালতের রায় বাস্তবায়ন না হওয়ায় পিটিশনার কর্তৃক Contempt petition for demanding justice নোটিশ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে প্রেরণ করা হয় মর্মে সূত্রে বর্ণিত ০২ নং স্মারকের মাধ্যমে জানা যায়।

০৪. মহামান্য হাইকোর্টের রায় বাস্তবায়নের নিমিত্ত এমপিওশীটে অধ্যক্ষ পদ থেকে জনাব এ. এন. এম আব্দুর রাজ্জাক (ইনডেক্স নং-৩৬৩১২৩) এর নাম কর্তন করা এবং জনাব মুহা: জাকারিয়া হোসেন (ইনডেক্স নং-৩৬৩১২৪) কে অধ্যক্ষ পদে এমপিওভুক্ত করা আবশ্যিক।


০৫. এমতাবস্থায় মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৮৭৫০/২০১৬ মামলায় ০৫.০২.২০১৮ খ্রি: তারিখের রায়/আদেশ এবং সিপিএলএ নং-২০৫১/২০১৮, ২৬৬৮/২০১৮ এবং ৪৪৯১/২০১৮ মামলার ১০.১২.২০১৮ খ্রি: তারিখের রায় বাস্তবায়নের নিমিত্ত যশোর জেলার সদর উপজেলাধীন উপশহর আলিম মাদ্রাসার উপাধ্যক্ষ জনাব মুহা: জাকারিয়া হোসেন (ইনডেক্স নং-৩৬৩১২৪) কে অধ্যক্ষ পদে এমপিওভুক্তকরণ এবং অধ্যক্ষ পদ থেকে জনাব এ. এন. এম আব্দুর রাজ্জাক (ইনডেক্স নং-৩৬৩১২৩) এর নাম এমপিও শীট থেকে কর্তনের পদক্ষেপ গ্রহণ করে তা আগামী ০২/০৩/২০২০ খ্রি: তারিখের মধ্যে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে (প্রমাণকসহ) প্রেরণ করার জন্য মহোদয়গণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। (বিষয়টি অতিব জরুরী)

০১. উপজেলা নির্বাহী অফিসার

যশোর সদর, যশোর।

০২. অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

উপশহর আলিম মাদ্রাসা, ডাক: শিক্ষা বোর্ড, নতুন উপশহর, উপজেলা: সদর, জেলা: যশোর।


নাজীন সুলতানা

সহকারী পরিচালক (অডিট ও আইন)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।

০২. বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব মোহাম্মদ শফিকুল ইসলাম, চেম্বার রুম নং-১০৫, এনেক্স এক্সটেনশন সুপ্রিমকোর্ট বার এসোসিয়েশন বিল্ডিং, শাহবাগ, ঢাকা।

(বিষয়টি আদালতকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)

০৩. জেলা শিক্ষা অফিসার, যশোর।

০৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, যশোর।

০৫. সভাপতি, উপশহর আলিম মাদ্রাসা, ডাক: শিক্ষা বোর্ড, নতুন উপশহর, উপজেলা: সদর, জেলা: যশোর।

০৬. জনাব মুহা: জাকারিয়া হোসেন, অধ্যক্ষ, উপশহর আলিম মাদ্রাসা, ডাক: শিক্ষা বোর্ড, নতুন উপশহর, উপজেলা: সদর, জেলা: যশোর।

০৭. এ. এন. এম আব্দুর রাজ্জাক, উপশহর আলিম মাদ্রাসা ডাক: শিক্ষা বোর্ড, নতুন উপশহর, উপজেলা: সদর, জেলা: যশোর।

০৮. অফিস কপি/ মাষ্টার কপি।